



MINISTRY OF  
MANPOWER



# CONNECT

*with* **ACE**

অভিবাসী শ্রমিকদের জন্য একটি  
মাসিক ই-নিউজলেটার



জুন  
২০২৩



এই সংখ্যায় রয়েছে:

চলমান প্রতারণা (স্ক্যাম)  
সমূহ সম্পর্কে সাবধান

অপরাধ প্রতিরোধের উপর  
আসন্ন রোডশো

অনুষ্ঠানের বিষয়বস্তু সমূহ



কিভাবে প্রতারণা (স্ক্যাম)  
থেকে নিজেকে রক্ষা  
করবেন সে সম্পর্কে আরও  
জানতে ACE TikTok-এ  
ভিডিওটি দেখুন

## চলমান প্রতারণা (স্ক্যাম) সমূহ সম্পর্কে সাবধান 🔍

### সরকারি কর্মকর্তাদের ছদ্মবেশে প্রতারণা (স্ক্যাম)

- সতর্ক থাকুন! সরকারি কর্মকর্তা বলে দাবি করে এমন কারো কাছে ব্যক্তিগত বা আর্থিক তথ্য প্রকাশ করবেন না।

### জাল স্ক্যামশিল্ড অ্যাপ

- জাল স্ক্যামশিল্ড অ্যাপের মাধ্যমে তথ্য সংগ্রহকারী ধোঁকাবাজদের কবলে পড়বেন না! তৃতীয় পক্ষ বা অনিশ্চিত সাইট থেকে কোন সন্দেহজনক ফাইল ডাউনলোড করবেন না কারণ এর মাধ্যমে আপনার ডিভাইসে ফিসিং ম্যালওয়্যার ইনস্টল করা হতে পারে এবং আপনার ডিভাইসের নিয়ন্ত্রণ ধোঁকাবাজদের হাতে দিয়ে দিতে পারে।

শুধুমাত্র অফিসিয়াল গুগল প্লে স্টোর বা অ্যাপল অ্যাপ স্টোর থেকে স্ক্যামশিল্ড অ্যাপটি ডাউনলোড করুন



আজই বিনামূল্যে অ্যাপটি ডাউনলোড করুন!

স্ক্যামশিল্ড NCPC এবং SPF দ্বারা পরিচালিত ডাটাবেস থেকে স্ক্যাম এসএমএসগুলি সনাক্ত করে এবং কলগুলি ব্লক করে।



# তাপের ধকল থেকে নিজেকে রক্ষা করুন



## ছায়াযুক্ত এলাকায় থাকুন

- বাড়ির ভিতরে থাকুন এবং সম্ভব হলে সরাসরি সূর্যালোক থেকে দূরে থাকুন।
- দিনের বেলা বিনোদনমূলক কার্যকলাপ এড়িয়ে চলুন।



## হাইড্রেশন(শরীরে জলযোজন) নিশ্চিত করুন

- প্রতিদিন কাজের শুরুতে একটি পানি ভরা বোতল বহন করুন এবং আপনার বোতল নিয়মিত পরিপূর্ণ করুন।
- সম্ভব হলে, প্রতি আধা ঘণ্টায় এক গ্লাস ঠান্ডা পানি পান করুন।
- অ্যালকোহল এবং অত্যধিক ক্যাফেইন এবং চিনিযুক্ত পানীয় এড়িয়ে চলুন।



## নিঃশ্বাসের উপযোগী পোশাক পরুন

- সম্ভব হলে, গরম পরিবেশে কাজ করার সময় ঢিলেঢালা এবং হালকা রঙের পোশাক পরুন।



## যথাযথ বায়ুপ্রবাহ নিশ্চিত করুন

- সারাদিন ধরে আপনার ডরমেটরি রুমের সমস্ত ফ্যান বা ব্লোয়ারগুলো চালু রাখুন।

যদি আপনি অসুস্থ থাকেন, অবিলম্বে আপনার সুপারভাইজার বা ডরমিটরি অপারেটরকে জানান, এবং একজন ডাক্তারকে দেখান।

## আসুন আমাদের পরিবেশকে পরিচ্ছন্ন ও সবুজ রাখি!



যেখানে সেখানে আবর্জনা ফেলার সময়  
যদি ধরা পড়েন, তবে আপনাকে কমপক্ষে  
৩০০ ডলার জরিমানা করা হবে

<https://go.gov.sg/no-littering>



MINISTRY OF  
MANPOWER



# অপরাধ প্রতিরোধের উপর রোডশো

## JOIN US

১৮ই জুন ২০২৩ | বিকাল ৪টা - রাত ৮টা

কোচরান বিনোদন কেন্দ্র  
১০০ সেন্সাওয়াং ড্রাইভ সিঙ্গাপুর(৭৫৬৯৯৮)

কার্যক্রমের বিষয়বস্তু সমূহ



সম্পর্কে জানতে


অপরাধ বিরোধী  
প্রতিরোধ ব্যবস্থা সমূহ



জিতে নিন

আকর্ষণীয়  
পুরস্কার সমূহ

একে অপরের সাথে আনন্দে  
জীবনযাপন করার উপর ভিডিওটি  
ACE TicTok-এ দেখুন



<https://go.gov.sg/ace>

# অনুষ্ঠানের বিষয়বস্তু সমূহ

## চেরিলস্ট-এ মাল্টি-এজেন্সি রোডশো

১৪ই মে, আমরা সিঙ্গাপুর কাস্টমস এবং ল্যান্ড ট্রান্সপোর্ট অথরিটির সহযোগিতায় পাসির রিস নেইবারহুড পুলিশ সেন্টার দ্বারা আয়োজিত চেরিলস্ট-এ ৩০০ জন বাসিন্দার জন্য, একটি মাল্টি-এজেন্সি রোডশোর আয়োজন করেছিলাম। অভিবাসী শ্রমিকরা প্রতারণা বিরোধী ব্যবস্থা সমূহ, নিষিদ্ধ জিনিস সনাক্তকরণ এবং সড়ক নিরাপত্তা পর্যবেক্ষণের বিষয়ে প্রয়োজনীয় জ্ঞান এবং মূল্যবান অন্তর্দৃষ্টি অর্জন করেছিলেন।



## কোচরান রিক্রিমেশন সেন্টারে (আরসি) হেলথ স্ক্রিনিং ইভেন্ট

কোচরান আরসি-তে My Brother SG (মাই ব্রাদার এসজি) এবং Duke-NUS Medical School (ডিউক-এনইউএস মেডিকেল স্কুল) দ্বারা আয়োজিত হেলথ স্ক্রিনিং ইভেন্টে ৬০০ জনেরও বেশী অভিবাসী শ্রমিক অংশ নিয়েছিলেন। শ্রমিকরা প্রাথমিক স্বাস্থ্য স্ক্রীনিং পেয়েছিলেন এবং শিক্ষামূলক খেলার ক্রিয়াকলাপে অংশ নিয়েছিলেন যা তাদের স্বাস্থ্য এবং সুস্থতার জন্য যত্ন নিতে উত্সাহিত করেছিল।



## কিমিজ হেয়ারড্রেসিংয়ের সাথে অংশীদারিত্বে ItsRainingRaincoats (IRR) দ্বারা চুল কাটার উদ্যম

কিমিজ হেয়ারড্রেসিংয়ের সাথে অংশীদারিত্বে IRR ডরমিটরি সমূহে অভিবাসী শ্রমিকদের জন্য মাসিক বিনামূল্যে চুল কাটার কার্যক্রমের আয়োজন করেছে। ১৪ই মে, ৭ সেনোকো সাউথ রোড থেকে ৫০ জনেরও বেশী অভিবাসী শ্রমিক বিনামূল্যে চুল কাটিয়েছেন!



বিভিন্ন শারীরিকভাবে উপস্থিত এবং অনলাইন কার্যকলাপ সম্পর্কে আরও জানতে এখানে QR কোড স্ক্যান করে আপনি আমাদের Facebook ইভেন্ট পৃষ্ঠায় অংশগ্রহণ করতে পারেন



<https://go.gm-ug.com/ourfacebook>

সর্বশেষ খবর এবং আপডেট পেতে আমাদের অফিসিয়াল চ্যানেলে আমাদেরকে অনুসরণ করুন!

 [ACE Group's Facebook page](#)

 [ACE Group's TikTok channel](#)

